

চট্টগ্রাম ইঞ্জিনিয়ারিং কলেজ ২ মাস ধরে বন্ধঃ আভিভাবকরা উদ্বিগ্ন

(স্টাফ রিপোর্টার)

চট্টগ্রাম, ২০শে অক্টোবর।— গত দু মাস থেকে চট্টগ্রাম ইঞ্জিনিয়ারিং কলেজ বন্ধ রয়েছে। ফলে ছাত্র ও অভিভাবকরা উদ্বিগ্ন হয়ে পড়েছে। জানা গেছে, একজন শিক্ষকের কম স্থলে যোগদানকে কেন্দ্র করে ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও ছাত্রদের মধ্যে কান্ড-বিতণ্ডা হয়। এরই প্রেক্ষিতে গত ২০শে আগস্ট থেকে এই শিক্ষা প্রতিষ্ঠানটি বন্ধ করে দেয়া হয়েছে।

গত ১৬ই আগস্ট তারিখ ও ইলেক্ট্রনিক কৌশল বিভাগের প্রধানের কম স্থলে যোগদানের ব্যাপারে ভারপ্রাপ্ত অধ্যক্ষ যে বক্তব্য রাখেন, তাতে ছাত্রদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়। কেন্দ্রীয় ছাত্র সংসদ এ ব্যাপারে হস্তক্ষেপ করে। তারা ১৭ই আগস্ট বিষয়টি নিয়ে ভারপ্রাপ্ত অধ্যক্ষের সাথে আলাপ করে। ছাত্র সংসদের অফিস হস্তান্তর ও আরো কয়েকটি বিষয় এ প্রসঙ্গে আলোচনা হয়। এর পরপরই ভারপ্রাপ্ত অধ্যক্ষ পদত্যাগ করেন। তাতে প্রশাসনিক অচলাবস্থার সৃষ্টি হয়। গত ২০শে আগস্ট থেকে প্রতিষ্ঠানটি বন্ধ ঘোষণা করা হয়।

ছাত্র সংসদ বিষয়টির প্রতি শিক্ষা মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট সক

লের দৃষ্টি আকর্ষণ করেছে। কিন্তু কোন ফলোদ্গম হয়নি। এদিকে স্থানীয় অভিভাবকরা এক জরুরী সভায় মিলিত হয়ে একটি তত্ক্ষণাত্ ঘটনাকে কেন্দ্র করে এভাবে একটি শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রাখার বিবৃতিতে প্রতিবাদ জানিয়েছেন। তারা এ ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়ের জরুরী হস্তক্ষেপ দাবী করেছেন।